অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আন্তর্জাতিক মানবাধিকার দিবস এবং সার্বজনীন মানবাধিকার ঘোষণার 75তম বর্ষপূর্তি উপলক্ষে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ বিগত অর্থবছরের অর্জনসমূহের উপর আলোকপাত করা বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, জাতিসংঘের (United Nations, UN) সাধারণ অ্যাসেম্বলির (General Assembly) সার্বজনীন মানবাধিকার ঘোষণার (Universal Declaration of Human Rights) সম্মানে প্রতি বছর 10 ডিসেম্বর পালিত হওয়া আন্তর্জাতিক মানবাধিকার দিবস (International Human Rights Day) উপলক্ষে শুক্রবার রাতে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে নীল আলোয় আলোকিত করা হবে। এই বছর মাইলফলক নথিটির 75তম বর্ষপূর্তি, যা জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, ভাষা, রাজনৈতিক বা অন্যান্য মতামত, জাতীয় বা সামাজিক উৎস, সম্পত্তি, জন্ম বা অন্যান্য দশা নির্বিশেষে শুধু মানুষ হিসেবে সকল ব্যক্তির প্রাপ্য অধিকারকে প্রতিষ্ঠা করে।

"মানবাধিকার আইন প্রণয়ন করা দেশের প্রথম স্টেট হিসেবে নিউ ইয়র্কের গৌরবান্বিত সম্মান রয়েছে, এবং অবিচল প্রতিশ্রুতি দ্বারা এইসব মৌলিক অধিকার রক্ষা করার ক্ষেত্রে অব্যাহতভাবে আমরা দেশের শীর্ষে থাকবো," **গভর্নর হোকল বলেন।** "আজকে, আমরা সার্বজনীন মানবাধিকার ঘোষণা গ্রহণ সম্মান জানাচ্ছি এবং আশাবাদ ও গর্বসহকারে মহান এই স্টেটের ভবিষ্যতের জন্য অপেক্ষা করছি, যেহেতু আমরা নিউ ইয়র্ককে সকলের জন্য স্বাগত বাড়ি বানানোর আমাদের মিশনকে অগ্রসর করছি।"

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগের (New York State Division of Human Rights) কমিশনার মারিয়া ইম্পেরিয়াল বলেন, "পঁচাত্তর বছর পূর্বে, সার্বজনীন মানবাধিকার ঘোষণা এই সত্যিকে প্রতিষ্ঠা করে যে সকল মানুষ স্বাধীন হিসেবে জন্মগ্রহণ করে এবং তারা মর্যাদা ও অধিকারে সমান। বৈষম্য নির্মূল, অন্যায়ের প্রতিকার, এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমান সুযোগ, অ্যাক্সেস ও মর্যাদার প্রচার করার আমাদের মিশন অব্যাহত রাখার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে আমরা এই গুরুত্বপূর্ণ দিনটি উদযাপন করি।"

সার্বজনীন মানবাধিকার ঘোষণার সাথে নিউ ইয়র্কের ঐতিহাসিক সম্পর্ক রয়েছে। ঘোষণার সাফল্যের জন্য সাবেক ফার্স্ট লেডি এবং নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা এলেনর রুজভেল্টের নেতৃত্ব মুখ্য ছিলো, যিনি ঘোষণার খসড়া তৈরি করা কমিটির প্রদান ছিলেন। রুজভেল্টের নিরলস

নিবেদন এবং কূটনীতির কারণে বহুজাতিক ঐক্যমত্য গঠন করা সম্ভব হয়, যার ফলে জাতিসংঘের সাধারণ অ্যাসেম্বলিতে অবশেষে ঘোষণাটির সর্বসম্মত অনুমোদন পাওয়া যায়।

এছাড়াও আজকে নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ তাদের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে যেখানে 2023 অর্থবছরে এজেন্সির কর্মকাণ্ডকে তুলে ধরা হয়েছে।

2023 অর্থবছরে এজেন্সির অর্জনের মধ্যে রয়েছে ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিটের (Hate and Bias Prevention Unit, HBPU) সূচনা, যা পুরো স্টেটের সম্প্রদায়সমূহকে পক্ষপাতদুষ্ট আচরণ ও ঘৃণার মোকাবেলা করতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে। সূচনার পর থেকে HBPU স্টেটের প্রতিটি অঞ্চলের প্রতিনিধিত্বকারী 10টি আঞ্চলিক পরিষদ গঠন করেছে, এবং একটি দ্রুত সাড়াদান উদ্যোগ শুরু করেছে যা ঘৃণা ও পক্ষপাতের ঘটনা দ্বারা আক্রান্ত সম্প্রদায়সমূহকে সমর্থন প্রদান করে। অতি সম্প্রতি, HBPU একটি নতুন টেলিফোন হটলাইন, 844-662-4283, এবং একটি অনলাইন ফর্ম শুরু করেছে যা নিউ ইয়র্কবাসীকে ইউনিটের কাছে সরাসরি ঘৃণা ও পক্ষপাতের ঘটনার অভিযোগ করতে দেয়। এছাড়াও আগামী বছর HBPU একটি স্টেটব্যাপী মিডিয়া ক্যাম্পেইন শুরু করবে এবং সম্প্রতি তারা আগ্রহী মিডিয়া বিক্রেতাদের জন্য একটি প্রস্তাবনার অনুরোধ প্রকাশ করেছে।

2023 অর্থবছরে, বিভাগটি চাকরি, আবাসন এবং সরকারি সুযোগ সুবিধার ক্ষেত্রে বৈষম্যের শিকার 1,000 এর বেশি ব্যক্তির জন্য প্রায় 7 মিলিয়ন মার্কিন ডলার ক্ষতিপূরণ নিশ্চিত করেছে। এই যোগফলটি হলো বিগত ছয় বছরের মধ্যে সর্বোচ্চ মোট ক্ষতিপূরণ। এছাড়াও বিভাগটি একটি টোলমুক্ত এবং গোপনীয় কর্মক্ষেত্রে যৌন হয়রানি হটলাইন, 1-800-HARASS-3, শুরু করার মাধ্যমে এই অপরাধের শিকার ব্যক্তিদের জন্য গুরুত্বপূর্ণ অগ্রগতি করেছে, এই হটলাইনটি হয়রানির শিকার ব্যক্তিদের অভিজ্ঞ প্রো-বোনো অ্যাটর্নিদের সাথে সংযুক্ত করে দেয়।

সার্বজনীন মানবাধিকার আইনের 75তম বর্ষপূর্তি এবং আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালন করার জন্য, শুক্রবার নিউ ইয়র্ক স্টেটের নিম্নলিখিত ল্যান্ডমার্কসমূহকে নীল আলোয় আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- Empire State Plaza
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Hudson State Historic Park)

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগ সম্পর্কে
মানবাধিকার আইন প্রয়োগের মাধ্যমে বৈষম্য নির্মূল, অন্যায়ের প্রতিকার, এবং সমান সুযোগ, অ্যাক্সেস ও মর্যাদার প্রচার করতে নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগ নিবেদিত। আমাদের স্বপ্ন হলো একটি বৈষম্যমুক্ত নিউ ইয়র্ক যেখানে সবাই তাদের সম্ভাবনা এবং স্টেটের জীবনে পূর্ণাঙ্গভাবে অংশগ্রহণ করতে পারবে। নিউ ইয়র্কবাসীরা dhr.ny.gov ভিজিট করে মানবাধিকার আইন সম্পর্কে আরো জানতে পারবে বা পক্ষপাত ও বৈষম্য সম্পর্কে অভিযোগ করতে পারবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন